

# ক্ষুদ্র উদ্যোগে সম্পদ-সাম্প্রয়ী ও পরিচ্ছন্ন উৎপাদন (RECP) চর্চা পরিচিতি



বাংলাদেশের অর্থনৈতিক শুমারি ২০২৪-এর প্রাথমিক ফলাফল অনুযায়ী, বাংলাদেশের ১ কোটি ১৮ লক্ষের অধিক অর্থনৈতিক উদ্যোগ রয়েছে, যার মধ্যে ৮৯ শতাংশই ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ। মোট দেশজ উৎপাদনে (জিডিপি) ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ খাতের অবদান প্রায় ২৫ শতাংশ এবং মোট কর্মসংস্থানের ৫৬ শতাংশ সৃষ্টি হয় এ খাতে। কৃষি, মৎস্য, খাদ্য প্রক্রিয়াজাতকরণ, পোশাক ও সেবাসহ বিভিন্ন খাতের এসকল উদ্যোগ কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য হ্রাসে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এ সকল উদ্যোগের ৭০ শতাংশের অধিক গ্রামাঞ্চলে হওয়ায় গ্রামীণ অর্থনীতিতে চাঞ্চল্য বজায় রাখতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। কিন্তু দ্রুত সম্প্রসারণশীল ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ খাতে সম্পদের সর্বোত্তম ব্যবহার না করতে পারায় উদ্যোক্তাদের বেশ কিছু তুলনামূলক সুবিধা থাকা সত্ত্বেও উৎপাদিত পণ্যের মান এবং প্রতিযোগিতায় আশানুরূপ সফলতা পাচ্ছে না। পাশাপাশি, পরিবেশগত ক্ষতির সম্ভাবনাও তৈরি করছে। ক্ষুদ্র উদ্যোগে সম্পদ-সাম্প্রয়ী ও পরিচ্ছন্ন উৎপাদন (Resource-Efficient and Cleaner Production, সংক্ষেপে RECP) চর্চার মাধ্যমে জলবায়ু-সহনশীল সবুজ প্রবৃদ্ধি অর্জন করা সম্ভব। এ লক্ষ্য অর্জনে ক্ষুদ্র উদ্যোগে জলবায়ু সহনশীল RECP চর্চা রপ্তকরণের জন্য পিকেএসএফ ২০২৩ সাল থেকে Sustainable Microenterprise and Resilient Transformation (SMART) প্রকল্প বাস্তবায়ন করছে।

## আরইসিপি (RECP) কী

জাতিসংঘ শিল্প উন্নয়ন সংস্থার মতে RECP হলো এমন এক পদ্ধতি যা শিল্প এবং ব্যবসার লাভজনকতা বাড়াতে, পরিবেশ সুরক্ষিত রাখতে এবং কর্মীদের স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করতে সাহায্য করে। এটি এমন একটি কৌশল, যা কম সম্পদ (পানি, বিদ্যুৎ, কাঁচামাল) ব্যবহার করে বেশি ও মানসম্পন্ন পণ্য তৈরিতে সাহায্য করে, একই সাথে দূষণ ও বর্জ্য কমায় এবং কর্মীদের একটি নিরাপদ কাজের পরিবেশ নিশ্চিত করে। RECP প্রয়োগের মাধ্যমে সবুজ প্রবৃদ্ধির ধারা অব্যাহত রেখে ক্ষুদ্র উদ্যোগসমূহে উৎপাদন প্রক্রিয়ায় খরচ হ্রাস সম্ভব হবে, যা টেকসই উন্নয়ন অর্জিত বা এসডিজি'র সংশ্লিষ্ট লক্ষ্যমাত্রা পূরণেও সহায়ক হবে।

## SMART প্রকল্পে আরইসিপি (RECP)

ক্ষুদ্র উদ্যোগে জলবায়ু-সহনশীল, সম্পদ-সামর্থ্য চর্চা রপ্তকরণের মাধ্যমে ঘাত-সহিষ্ণু সবুজ প্রবৃদ্ধি সঞ্চারের লক্ষ্যে পিকেএসএফ Sustainable Microenterprise and Resilient Transformation (SMART) প্রকল্প বাস্তবায়ন করেছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সহায়তায় এবং বিশ্বব্যাংক ও পিকেএসএফ-এর যৌথ অর্থায়নে বাস্তবায়নায়ী এই প্রকল্পের মাধ্যমে প্রক্রিয়াজাতকরণ, কৃষি এবং সেবা খাতের আওতাধীন প্রায় ৮০,০০০ উদ্যোক্তাকে ২০২৮ সাল নাগাদ বিভিন্ন আর্থিক ও কারিগরি সেবা প্রদান করবে। প্রকল্পের সহায়তায় আধুনিক প্রযুক্তি হস্তান্তর ও যথাযথ প্রশিক্ষণের মাধ্যমে ক্ষুদ্র উদ্যোক্তারা বিদ্যুৎ ও জ্বালানি, উৎপাদন উপকরণ এবং পানির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত, এবং কঠিন বর্জ্য ও বর্জ্য পানি এবং বায়ু দূষণ হ্রাস করতে সক্ষম হবেন। এতে সম্পদের সুষ্ঠু ব্যবহারের পাশাপাশি পরিচ্ছন্ন উৎপাদন ব্যবস্থা নিশ্চিত হবে, যা রক্ষা করবে পরিবেশ এবং বয়ে আনবে অধিক মুনাফা।

প্রকল্পে সম্পদ সামর্থ্য ও পরিচ্ছন্ন উৎপাদন নিশ্চিত করে ৬টি ক্ষেত্র চিহ্নিত করে কর্মকাণ্ডগুলো সাজানো হয়েছে।



## আরইসিপি (RECP) চর্চা

RECP কার্যক্রম পরিচালিত হচ্ছে পিকেএসএফ, সহযোগী সংস্থার কার্যক্রমের, এবং উদ্যোক্তাদের যৌথ অংশীদারত্বে। সহযোগী সংস্থাগুলো উদ্যোক্তাদের নির্বাচন, ঋণ ও প্রযুক্তিগত সহায়তা দেয়। প্রকল্পে ৬টি ক্ষেত্রে ব্যবহৃত RECP চর্চার উদাহরণ নিম্নরূপ:



শক্তির ব্যবহার

বিদ্যুৎ শক্তি ও জ্বালানির ব্যবহার কমাতে পাওয়ার ফ্যাক্টর ইমপ্রুভমেন্ট (PFI) প্ল্যান্ট, টিনের চালের ইনসুলেটর, বিএলডিসি ফ্যান, ডিএফডি, সোলার প্যানেল, রুফ ভেন্টিলেশন ফ্যান ও থার্মোস্ট্যাট প্রভৃতির ব্যবহার।



কঠিন বর্জ্য

উন্নত বর্জ্য ব্যবস্থাপনার অংশ হিসেবে গোবর ও পোস্টি লিটার থেকে ভার্মিকম্পোস্ট, ট্রাইকো কম্পোস্ট, বায়োগ্যাস উৎপাদন, বুট কাপড় ও পাদুকা বর্জ্য রিসাইক্লিং, কংক্রিট ব্লক তৈরিতে চালকলের ছাই ও ফাউড্রি স্ল্যাগ ব্যবহার।



উপকরণ ব্যবহার

জৈব সার, ফেরোমেন ও কালার ট্র্যাপ, ডিজিটাল ডাই কাটিং, স্বয়ংক্রিয় ব্লক ও ফিডিং যন্ত্র, প্রোবায়োটিক, জিও ব্যাগ, ফিডিং ট্রে এবং ফার্মেন্টেশন ফিড হাউজ ব্যবহার।



বায়ু দূষণ

বায়ু দূষণ কমাতে কয়লা-নির্ভর কিউপোলা ফার্নেসের বদলে বিদ্যুৎচালিত ইনডাকশন ফার্নেস, ইটভাটার পরিবর্তে কংক্রিট ব্লক কারখানা, এবং চালকল ও ইলেকট্রিক কানেক্টর কারখানায় ডাস্ট কালেক্টর ও উন্নত চিমনি স্থাপন।



পানির ব্যবহার

পানির ব্যবহার হ্রাস করতে ফগার মেশিন, জেট ওয়াটার গান, নজল, এয়ারেটর, ব্লক কিউরিংয়ে পানির পুনঃব্যবহার, পোস্টি খামারে স্বয়ংক্রিয় পানি পান ব্যবস্থা, মালচিং, স্প্রিংকলার ও ড্রিপ ইরিগেশন পদ্ধতি ব্যবহার।



বর্জ্য পানি

পানি দূষণ রোধে ডাইং কারখানায় পরিশোধনাগার স্থাপন, ইমিটেশন জুয়েলারির দূষিত পানির জন্য পৃথক গর্তের ব্যবস্থা, সমন্বিত পানিনিষ্কাশন ব্যবস্থা, ব্লক কিউরিংয়ের পানি পুনঃব্যবহার।

## আরইসিপি (RECP) চর্চার সুবিধা

### অর্থনৈতিক

উৎপাদন ব্যয় হ্রাস  
বর্জ্য ব্যবস্থাপনার খরচ কমানো  
উৎপাদনশীলতা বৃদ্ধি

### পরিবেশগত

দূষণ কমানো  
সম্পদের পুনর্ব্যবহার  
নবায়নযোগ্য শক্তির ব্যবহার

সম্পদ-সাপ্রয়ী  
ও  
পরিচ্ছন্ন উৎপাদন

### প্রতিযোগিতামূলক উন্নয়ন

বাজারে ব্র্যান্ড ইমেজ বৃদ্ধি  
আন্তর্জাতিক বাজারে প্রবেশের সুযোগ  
পরিবেশ সংক্রান্ত আইন ও বিধি প্রতিপালন

### সামাজিক

নিরাপদ কর্ম-পরিবেশ  
কর্মীদের স্বাস্থ্য ও  
নিরাপত্তা উন্নয়ন

## প্রকল্পে আরইসিপি (RECP) বাস্তবায়ন প্রক্রিয়া



## সবুজ রূপান্তরের পথে

RECP কেবল একটি উৎপাদন কৌশল নয়, এটি উন্নয়ন ও পরিবেশের মধ্যে ভারসাম্য রক্ষার এক দূরদর্শী ধারণা। সম্পদের কার্যকর ব্যবহার, উন্নত বর্জ্য ব্যবস্থাপনা, জ্বালানি সাশ্রয় ও দূষণ নিয়ন্ত্রণের পাশাপাশি ক্ষুদ্র উদ্যোগের উৎপাদনশীলতা বৃদ্ধি করে অধিকতর মুনাফা অর্জনের পথ সুগম করে। উদ্যোগে পরিবেশবান্ধব চর্চা কোনো বাড়তি ব্যয় নয়, বরং এটি দীর্ঘমেয়াদে টেকসই প্রবৃদ্ধির জন্য বিনিয়োগ। RECP চর্চা বাংলাদেশের ক্ষুদ্র উদ্যোগ খাতকে সবুজ রূপান্তরের পথে এগিয়ে নিয়ে যাবার একটি বাস্তবধর্মী, কার্যকর, সময়োপযোগী ও টেকসই পদক্ষেপ।



পিকেএসএফ

### গ্রন্থনা ও প্রকাশনা

প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট, SMART প্রকল্প, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)  
পিকেএসএফ ভবন-১, ই-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭  
ওয়েবসাইট: smart.pksf.org.bd



ওয়েবসাইট ভিজিটে  
স্থান করুন